

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৯৫ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ যিকরের মজলিসের ফ্যীলত

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الخُدرِي قَالَ: خَرَجَ مُعَاوِيَةَ عَلَى حَلْقَةٍ فِي الْمَسْجِدِ فَقَالَ: مَا أَجْلَسَكُمْ أَلِا ذَاكَ؟ قَالُوا: مَا أَجْلَسَنَا إِلاَّ ذَاكَ، قَالَ قَالُوا: جَلَسْنَا نَذْكُرُ اللهَ قَالَ: آللهِ مَا أَجْلَسَكُمْ إِلاَّ ذَاكَ؟ قَالُوا: مَا أَجْلَسَنَا إِلاَّ ذَاكَ، قَالَ : أَمَّا إِنِّي لَمْ اسْتَحْلِفُكُمْ تُهْمَةً لَكُمْ وَمَا كَانَ أَحَدٌ بِمَنْزِلَتِي مِنْ رَسُوْلُ اللهِ عَيْشٌ أَقَلَ عَنْهُ حَدِيثاً مِنِي: أَنَّ رَسُوْلَ اللهِ عَيْشٌ خَرَجَ عَلَى حَلْقَةٍ مِنْ أَصِحَابِهِ فَقَالَ مَا أَجْلَسَكُمْ ؟ قَالُوا : جَلَسْنَا نَذْكُرُ اللهَ وَنَحْمَدُهُ عَلَى مَا هَدَانَا لِلإِسْلاَمِ ؛ وَمَنَّ بِهِ عَلَيْنَا قَالَ اللهِ مَا أَجْلَسَكُمْ وَلَكِنَّهُ إِلاَّ ذَاكَ قَالَ أَمَا إِنِّي لَمْ أَسْتَحْلِفُكُمْ تُهُمَةً لَكُمْ وَلَكِنَّهُ إِلاَّ ذَاكَ قَالَ أَمَا إِنِّي لَمْ أَسْتَحْلِفُكُمْ تُهُمَةً لَكُمْ وَلَكِنَّهُ أَلَانِي جَبِرِيلُ فَأَخْبَرَنِي أَنَّ الله يُبَاهِي بِكُمُ المَلاَئِكَةَ رواه مسلم

বাংলা

(৩৬৯৫) আবৃ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, মুআবিয়াহ (রাঃ) একবার মসজিদে (কিছু লোকের) এক হালকায় (গোল বৈঠকে) এসে বললেন, 'তোমরা এখানে কী উদ্দেশ্যে বসেছ?' তারা বলল, 'আল্লাহর যিকর করার উদ্দেশ্যে বসেছি।' তিনি বললেন, 'আল্লাহর কসম! তোমরা একমাত্র ঐ উদ্দেশ্যেই বসেছ?' তারা জবাব দিল, 'হোঁ,) আমরা একমাত্র ঐ উদ্দেশ্যেই বসেছি।' তিনি বললেন, 'শোন! তোমাদেরকে (মিথ্যাবাদী) অপবাদ আরোপ ক'রে কসম করাইনি। (মনে রাখবে) কোন ব্যক্তি এমন নেই, যে আল্লাহর রসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আমার সমমর্যাদা লাভ করেছে এবং আমার থেকে কম হাদীস বর্ণনা করেছে। নিঃসন্দেহে আল্লাহর রসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম (একবার) স্বীয় সহচরদের এক হালকায় উপস্থিত হয়ে তাঁদেরকে জিজ্ঞাসা করলেন, তোমরা এখানে কী উদ্দেশ্যে বসেছ?

তাঁরা জবাব দিলেন, 'উদ্দেশ্য এই যে, আমরা আল্লাহর যিকর করব এবং তাঁর প্রশংসা করব যে, তিনি আমাদেরকে ইসলামের পথ দেখিয়েছেন ও তার মাধ্যমে আমাদের প্রতি বড় অনুগ্রহ করেছেন।' এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''আল্লাহর কসম! তোমরা একমাত্র এই উদ্দেশ্যেই এখানে বসেছ?'' তাঁরা বললেন, 'আল্লাহর কসম! আমরা কেবল এই উদ্দেশ্যেই বসেছি।' তিনি বললেন, শোন! আমি তোমাদেরকে এ জন্য কসম করাইনি যে, আমি তোমাদেরকে মিথ্যাবাদী ভেবে অপবাদ আরোপ করছি। কিন্তু প্রকৃত ব্যাপার এই যে, জিবরীল আমার কাছে এসে বললেন, 'আল্লাহ তোমাদেরকে নিয়ে ফিরিশতাদের সামনে গর্ব করছেন!



ফুটনোট

(মুসলিম ৭০৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন